

# ILLEGAL ACTIVITIES OR ABNORMALITY IN SHIPMENT POLICY

Issue Date	01/01/2019
Revision No	01
Total Pages	Three (03)

		<b>Signature</b>
Written by:	Manager Compliance	
Review & Approved By:	Sr Manager Admin	

## রপ্তানীযোগ্য পন্য রাস্তায় কোন দুর্ঘটনায় পতিত হলে

### সেই ক্ষেত্রে নীতিমালা

- ১। পন্য বোঝাই ট্রাকের সাথে কোম্পানী কর্তৃপক্ষ ঘোষিত ব্যক্তি থাকবে।
- ২। পন্য বোঝাই ট্রাক পূর্ব নির্ধারিত বিরতী স্থানে থামাতে হবে এবং পন্য বোঝাই ট্রাকের সাথে একজন এটেনডেন্ট থাকতে হবে। কোন অবস্থাতেই পন্য বোঝাই ট্রাক এটেনডেন্ট ছাড়া রাখা যাবে না।
- ৩। কোম্পানী প্রতিনিধি তার কাছে রক্ষিত মোবাইল ফোনের মাধ্যমে রাস্তায় কোন সমস্যা দেখা দিলে সার্বক্ষনিক যোগাযোগ করবে।
- ৪। শিপমেন্টের যানবাহন যাত্রাপথে কোন দুর্ঘটনার কারনে BOLT SEAL ভেঙ্গে গেলে অথবা স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহীনি কর্তৃক চেকের জন্য BOLT SEAL ভাঙতে হলে বহনকৃত মালামালে সঠিকতা যাচাই ও অন্যকোন যানবাহনে মালামাল স্থানান্তরের জন্য E. R.T ( জরুরী উদ্ধারকারী দল) Escort কর্তৃক দুর্ঘটনার খবর প্রাপ্তি সাপেক্ষে ঘটনাস্থলে গমন করবে এবং পরিস্থিতি কর্তৃপক্ষকে ব্যাখ্যা করে কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করে ) Escort দ্বারা বহনকৃত অতিরিক্ত BOLT SEAL টি ব্যবহার করবে। যদি নতুন গাড়ীর প্রয়োজন হয়, ট্রান্সপোর্ট কোম্পানীর সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় সংখ্যক গাড়ীর ব্যবস্থা করবে।  
  
উদ্ধারকার্য এবং অন্যান্য সকল কার্য সম্পাদন শেষে উদ্ধারকারী দলপ্রধান কর্তৃপক্ষকে বিস্তারিত অবহিত করবে। প্রয়োজন হলে স্থানীয় আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহীনির সাথে যোগাযোগ করতে হবে।
- ৫। ট্রাক কোন দুর্ঘটনায় পরলে বা পন্য চালানে BOLT SEAL কোন পরিবর্তন হলে, পরিবর্তন সংক্রান্ত বিবরণ লিপিবদ্ধ করতে হবে এবং Buyer কে Merchandising & Commercial Department যথাযথ সময়ে জানাবে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
- ৬। রাস্তায় চলাচলের সময় ট্রাক কোন দুর্ঘটনায় পরলে (চুরি, প্রাকৃতিক দুর্যোগ, ইঞ্জিন ত্রুটি ইত্যাদি) দেখা দিলে তা লগ বই এ সংরক্ষন করবে।

- ৭। পন্য ট্রাকে হস্তান্তরের পর পরই আমাদের নির্ধারিত ব্যক্তির সাথে সার্বক্ষনিক ফোনে যোগাযোগ রক্ষা করবে।
- ৮। বন্দরে ট্রাক ঢোকান সঙ্গে সঙ্গে ট্রাকের সিরিয়াল নম্বর সেডে মাল আনলোডিং এবং জাহাজীকরণ এই সব বিষয়ে নির্ধারিত ব্যক্তি ও সি এন এফ এজেন্টের সাথে যোগাযোগ রক্ষা করা হবে।
- ৯। এধরনের কোন দুর্ঘটনা হলে মালিককে জানাতে হবে।